

মডেল অ্যাক্টিভিটি টাস্ক — জানুয়ারি-২০২২

স্বাস্থ্য ও শারীরশিক্ষা

ষষ্ঠ শ্রেণি

পূর্ণমান - ২০

দেশাত্মবোধ

১। বহুর মধ্যে থেকে সঠিক উত্তরটি নির্বাচন করে লেখো।

১ × ৩ = ৩

(ক) ১৯৪৭ সালের কত তারিখে গণ-পরিষদে ভারতবর্ষের জাতীয় পতাকার নকশা গৃহীত হয়?

- (i) ১৪ আগস্ট (ii) ২২ জুলাই (iii) ১৫ আগস্ট (iv) ৩ জুন

(খ) টেবিলে ব্যবহৃত ভারতবর্ষের জাতীয় পতাকার দৈর্ঘ্য ও প্রস্থের মাপ কতটা পরিমাণে হয়ে থাকে?

- (i) ৫" × ৪" (ii) ৩" × ৩" (iii) ৬" × ৪" (iv) ৩' × ২'

(গ) অশোক চক্রের নীল রং কীসের রং-এর সঙ্গে মিলে যায়?

- (i) ময়ূরের পালকের রং (ii) আকাশের রং
(iii) সমুদ্রের জলের রং (iv) আকাশ ও সমুদ্রের রং

২। বাম-স্তম্ভের সঙ্গে ডান-স্তম্ভের সমতাবিধান করো।

১ × ৫ = ৫

বাম স্তম্ভ	ডান স্তম্ভ
(ক) অশোক চক্রের ২৪টি কাঁটা	(i) ফোটারশ্মি
(খ) জাতীয় পালনীয় দিবসে	(ii) ২৪ ঘণ্টার প্রতীক
(গ) অশোক চক্র	(iii) জাতীয় পতাকা সর্বসাধারণ ব্যবহার করতে পারেন
(ঘ) বিবর্ণ জাতীয় পতাকা	(iv) ব্যবহার করা যায় না
(ঙ) কবরে বা চিতায়	(v) জাতীয় পতাকা দেওয়া যায় না
	(vi) সর্বক্ষেণের গতিশীলতার প্রতীক

৩। উপযুক্ত শব্দ বসিয়ে শূন্যস্থান পূরণ করো।

২ × ৩ = ৬

(ক) যেসব সরকারি ভবনে জাতীয় পতাকা উত্তোলন করা হয় সেই সকল ভবনে রবিবার ও _____ দিন সমেত সপ্তাহের সকল দিন জাতীয় পতাকা উত্তোলিত থাকা বাধ্যতামূলক।

(খ) ঝড়-বৃষ্টি যাই হোক, জাতীয় পতাকা উড়বে সূর্যোদয় _____ সূর্যাস্ত পর্যন্ত।

(গ) জাতীয় পতাকার সঙ্গে অন্য কোনো _____ একই _____ তোলা বা ব্যবহার করা যায় না।

৪। রচনাধর্মী প্রশ্নের উত্তর দাও :

২ × ৩ = ৬

(ক) ভারতবর্ষের জাতীয় পতাকার বর্ণনা দাও।

(খ) কী কী ভাবে/ক্ষেত্রে ভারতবর্ষের জাতীয় পতাকার ব্যবহার/উত্তোলন বেআইনি তা তালিকাভুক্ত করো।

(গ) ভারতবর্ষের জাতীয় পতাকার প্রতি 'আনুগত্যের শপথ' বাক্যটি লেখো।

শিক্ষার্থীদেরকে বাড়িতে নিজের বিষয়ভিত্তিক খাতায় এ প্রশ্নগুলোর উত্তর লিখে বিদ্যালয় কর্তৃপক্ষের নির্দেশমতো অভিভাবকদের মাধ্যমে শিক্ষকদের কাছে জমা দিতে হবে। কোনো অবস্থাতেই শিক্ষার্থীরা বিদ্যালয়ে জমা দিতে আসবেনা।